

Skills for Employment Investment Program (SEIP), (Tranche-1)

প্রকল্পের আওতায় চাকরি মেলা (Job Fair) অনুষ্ঠিত।



সমাজের সুবিধা বঞ্চিত ও বেকার তরণ তরণীদের বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন SEIP প্রকল্পের আওতায় নির্বাচিত প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ইউসেপ বাংলাদেশ, চট্টগ্রাম অঞ্চলের উদ্যোগে ডিসেম্বর ১১, ২০১৯ তারিখে ইউসেপ আমবাগান টেকনিক্যাল স্কুল প্রাঙ্গণে একটি চাকরি মেলা অনুষ্ঠিত হয়। উক্ত চাকরি মেলায় চট্টগ্রাম অঞ্চলের ইস্পাহানী গ্রুপ, বি এস আর এম গ্রুপ, এসটেক লিমিটেড, উত্তরা অটোমোবাইলস, বি এস এ গ্রুপ, ক্লীফটন গ্রুপ, ইউনি গ্যাস লিমিটেডসহ ৩৫টি কোম্পানীর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। মেলায় সরাসরি সাক্ষাৎকার গ্রহণ শেষে প্রায় অর্ধশত প্রশিক্ষার্থীকে হাতে হাতে নিয়োগপত্র প্রদান করা হয় এবং অন্যান্য প্রশিক্ষার্থীদের নিকট হতে জীবন বৃত্তান্ত সংগ্রহ করা হয়। আমন্ত্রিত অন্যান্য অতিথিবৃন্দকে সাথে নিয়ে বিজিএমইএ এর সহসভাপতি জনাব এ.এম চৌধুরী সেলিম চাকরি মেলা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। উদ্বোধনের আগে সংক্ষিপ্ত এক আলোচনা সভায় প্রধান অতিথি জনাব সেলিম বলেন পিছিয়ে পড়া দরিদ্র মানুষের সন্তানদের যারা শিক্ষা থেকে বঞ্চিত কিংবা দারিদ্রের কারণে পড়াশুনা অব্যাহত রাখতে পারে না তাদেরকে বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে স্বাবলম্বী করার যে প্রচেষ্টা তা নিঃসন্দেহে অনুকরণীয়। ইউসেপ বাংলাদেশে এ্যাসোসিয়েশন মেম্বর ও দৈনিক আজাদীর ব্যবস্থাপনা সম্পাদক জনাব ওয়াহীদ মালিক সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি যুগ্ম-পরিচালক জনাব মুহাম্মদ জাহিদ ইকবাল, ইউসেপ নিয়োগকর্তা কমিটির ভাইস চেয়ারম্যান জনাব ইকরামুল হুদা ভূঞা, AEOSIB এর Chief Coordinator জনাব ক্যাপ্টেন মোহাম্মদ হাবিবুর রহমান, বি এস আর এম গ্রুপের মহাব্যবস্থাপক(ম্যানুফ্যাকচারিং) জনাব মো: আজিজুল হক এবং স্বাগত বক্তব্য প্রদান করেন ইউসেপ চট্টগ্রাম অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক প্রকৌশলী জয় প্রকাশ বড়ুয়া। উল্লেখ্য, ইউসেপ বাংলাদেশ, চট্টগ্রাম অঞ্চলের দু'টি প্রশিক্ষণ কেন্দ্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বাস্তবায়নাধীন SEIP প্রকল্পের আওতায় বিভিন্ন ট্রেড কোর্সে ৬০০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে এবং বিভিন্ন শিল্প কারখানায় ৪৫৬ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।